দৈনিক
ইত্তেফাক

তারিখ 20 DEC 2017
পৃষ্ঠা ৭ কলাম ৪

# শিক্ষামন্ত্রীর অনুষ্ঠানে জাতীয় পতাকার আদলে কেক

নিজস্ব প্রতিবেদক ❋

বিজয় দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে কেক তৈরি করা হয়েছে জাতীয় পতাকার আদলে। আর ওই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। ওই কেক দেখে ক্ষুব্ধ প্রতিক্রিয়া দেখিয়েছেন মন্ত্রী। জাতীয় পতাকার আদলে কেক তৈরির সঙ্গে জড়িতদের খুঁজে বের করারও নির্দেশ দিয়েছেন তিনি।

সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে শিক্ষা মন্ত্রণালয় বিজয় দিবস উপলক্ষে সোমবার বিকালে এ আলোচনাসভার আয়োজন করে। ওই সভা আয়োজনের দায়িত্বে ছিল মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক এসএম ওয়াহিদুজ্জামান জানিয়েছেন, অতিউৎসাহী কেউ এটি করতে পারে। আবার সরকারকে বিব্রত করার জন্যও করতে পারে। তবে ওই ধরনের কেক কীভাবে মন্ত্রীর সামনে গেল, তা খতিয়ে দেখা হচ্ছে।